রমজান মাস উপলক্ষ্যে কানাইঘাটে বাজার মনিটরিং কার্যক্রম শুরু

কানাইঘাট প্রতিনিধি : পবিত্র মাহে রমজানকে সামনে রেখে বাজার মনিটরিং কার্যক্রম জোরদান করা হচ্ছে। যাতে করে কোন অসাধু ব্যবসায়ী নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের মজুদ সৃষ্টি করে সরকারি মূল্য তালিকার চাইতে বেশি দামে পণ্য বিক্রি করতে না পারে এজন্য পুরো রমজান মাসে উপজেলা নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জি ও উপজেলা সহকারি কমিশনার (ভূমি) মুনমুন নাহার আশা মাঠ পর্যায়ে সক্রিয় থাকবেন বলে জানা গেছে। এদিকে গত শনিবার বিকেল ৩টায় উপজেলা সহাকরি কমিশনার (ভূমি) মুনমুন নাহার আশা তার কার্যালয়ে কানাইঘাট বাজার বনিক সমিতি, ইজারাদার ও স্থানীয় গণমাধ্যম কর্মীদের নিয়ে মতবিনিময় করেন। এ সময় তিনি উপজেলার প্রধান হাটবাজার কানাইঘাট বাজারের নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম স্বাভাবিক রাখাার পাশাপাশি মাংস ও বয়লার মোরগের দাম নির্ধারিত মূল্যের চাইতে বেশি দামে যাতে করে মাংস ব্যবসায়ীরা বিক্রি করতে না পারেন এজন্য বাজার বনিক সমিতির নেতৃবৃন্দের সহযোগিতা কামনা করেন। রমজান মাস উপলক্ষ্যে নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম তদারকী সহ যাতে করে খাবারের খাদ্যে কোন ধরনের ভেজাল কৃত্রিম রং ও পচা বাসি খাবার কেউ বিক্রি করতে না পারে এজন্য বাজার মনিটরিং কার্যক্রম জোরদার করা হবে মুনমুন নাহার আশা জানান। এসময় উপস্থিত ছিলেন উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর আবুল কালাম আজাদ, বাজার বনিক সমিতির সভাপতি আলতাফ হোসেন, সাধারন সম্পাদক আবুল হেকিম শামীম, কানাইঘাট প্রেসক্লাবের দপ্তর সম্পাদক মোমিন রশিদ সহ ইজারাদাররা।